

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-স্থাসবি/ইপ/ইউপি-১১/২০০৮(অংশ-১)- ১৬০১


তারিখ : ১৫ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ।
২৯ নভেম্বর, ২০১৫ খ্রিঃ।

বিষয় : মাদারীপুর জেলার রাইজের উপজেলার কদমবাড়ি ইউনিয়নের আড়ুয়াকান্দির বাবু কুমুদ রঞ্জন ঠাকুরের বাড়ি হতে পুকুরিয়া সড়ক পর্যন্ত রাস্তা নির্মাণের জন্য ২.৭৫ শতাংশ জমি ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিলের অর্থ দ্বারা অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন প্রদান বিষয়ে তথ্যাদি প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসক, মাদারীপুর কার্যালয়ের স্মারক নং-৪৯৭, তারিখঃ ০১ নভেম্বর, ২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কদমবাড়ি ইউনিয়নের আড়ুয়াকান্দির বাবু কুমুদ রঞ্জন ঠাকুরের বাড়ি হতে পুকুরিয়া সড়ক পর্যন্ত রাস্তা নির্মাণের জন্য ২.৭৫ শতাংশ জমি ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিলের অর্থ দ্বারা অধিগ্রহণের কথা উল্লেখ থাকলেও প্রেরিত তথ্যাদিতে রাস্তাটি উন্নয়ন বাবদ নিজস্ব অর্থায়নে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় হবে উল্লেখ করা হয়েছে।

০২. এমতাবস্থায়, উক্ত রাস্তাটি নির্মাণের জন্য জমি অধিগ্রহণ করতে, নাকি পরিষদের মালিকানাধীন রাস্তা উন্নয়নের জন্য উক্ত অর্থ ব্যয় হবে তা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শরীফা আহমেদ)

সিনিয়র সহকারী সচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
মাদারীপুর।

অনুলিপিঃ

সহকারী প্রোগ্রামার

স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।